

(2)

Ex./BANGLA/PG/2.55A/2018

অথবা

- ২খ. জাপানি-সভ্যতা-সংস্কৃতির অগ্রগতিতে রবীন্দ্রনাথ মুগ্ধ ছিলেন বলেই তার সাম্রাজ্যবাদী আশ্রাসন তাঁকে বিশেষভাবে আহত করেছিল। রবীন্দ্রনাথের রাজনৈতিক অবস্থানটি বুঝিয়ে লেখো। ১০

- ৩ক. সমবায় বিষয়ে রবীন্দ্রনাথের তাত্ত্বিক চিন্তাভাবনা ও তার প্রায়োগিক দিকের মধ্যে মিল বা অমিল কতটা, বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

- ৩খ. ‘স্বদেশী সমাজ’ প্রবন্ধে অবলম্বনে রবীন্দ্রনাথের সমাজধারণার স্বরূপ ব্যাখ্যা করো। ১০

৪. যিনি ‘তোতা-কাহিনী’ লেখেন তিনিই গড়ে তোলেন একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান। বিষয়টি তুমি কীভাবে দেখো জানাও। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বিশেষ পত্র রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

কোর্স পি.জি - ২.৫৫এ

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১ক. শান্তিনিকেতন প্রবন্ধমালার বিভিন্ন রচনায় রবীন্দ্রনাথ ‘ব্রহ্ম’ বিষয়ে তাঁর ধারণা প্রকাশ করতে চেষ্টা করেছেন। তোমার পড়া কয়েকটি রচনা অবলম্বনে এ ব্যাপারে রবীন্দ্রনাথের ধারণাটি তুমি কীভাবে বুঝেছ, আলোচনা করো। ১০

অথবা

- ১খ. রবীন্দ্রনাথের চিন্তাজগতে সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থানটি দখল করে আছে ‘মানুষ’। ‘মানুষ’-কে কেন্দ্র করেই ডালপালা বিস্তার করে তাঁর দর্শন। আইনস্টাইনের সঙ্গে তাঁর বিখ্যাত কথোপকথনে কীভাবে এই মানুষকেন্দ্রিকতা উপস্থাপিত হয়েছিল, সংক্ষেপে আলোচনা করো। ১০

- ২ক. গান্ধীজির সঙ্গে রবীন্দ্রনাথের নানা বিষয়ে তর্কগুলোকে সামনে রেখেই রবীন্দ্রনাথের রাজনীতির-দর্শনকে অনেকখানি বুঝে নেওয়া যায়। এ বিষয়টি বুঝিয়ে লেখো। ১০

(Turn Over)